



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৩-০৭-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর হেড অব মিডিয়া জনাব আহসান আহমেদ অমিত এর মরদেহ বাংলাদেশে নিয়ে আসার লক্ষ্যে সকল প্রকার প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। গতকাল ০২-০৭-২০২১ তারিখ রাতে মরহুমের পরিবারের সদস্যবৃন্দের কভিড-১৯ টেস্টের ফলাফল নেগেটিভ এসেছে এবং Foreign Regional Registration Office থেকে NOC (No Objection Certificate) পাওয়া গেছে। আগামীকাল ০৪-০৭-২০২১ তারিখ দিল্লী হতে কলকাতায় আগমন করতঃ বেনাপোল স্থলবন্দর দিয়ে আনুমানিক সকাল ১১.০০ ঘটিকা নাগাদ আহসান আহমেদ অমিত এর মরদেহ বাংলাদেশে আগমনের জন্য সর্ব প্রকার প্রস্তুতি গৃহীত হয়েছে।

উল্লেখ্য, কভিড-১৯ এর পরিস্থিতির কারণে বেনাপোল স্থলবন্দর রবি, মঙ্গল ও বৃহস্পতিবার শুধুমাত্র এই তিনদিন খোলা রাখায় মরহুমের মরদেহ বাংলাদেশে আগমনের জন্য সর্বপ্রকার প্রস্তুতি থাকা সত্ত্বেও রবিবার ০৪-০৭-২০২১ তারিখের আগে বাংলাদেশে নিয়ে আসা সম্ভব হয়নি।

খালিদ মাহমুদ নওমী
মিডিয়া এক্সিকিউটিভ
বাংলাদেশ ফুটবল ফেডারেশন